JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুয়েমো ঘোষণা করেছেনযে এখন থেকে বাফালোর ইস্ট সাইডে জেরার্ড প্লেস কমিউনিটি সেন্টার (GERARD PLACE COMMUNITY CENTER) খোলা হয়েছে

প্রকল্পটি জেরার্ড প্লেসের সমাজকে শক্তিশালী করার এবং স্ব-নির্ভরশীলতার দিকে ব্যক্তি ও পরিবারকে ক্ষমতায়ন করার মিশনকে অগ্রসর করবে

জেরার্ড প্লেসের ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি সাবেক প্যারিশ হলের 6 মিলিয়ন মার্কিন ডলারের রুপান্তরণের সমাপ্তি ঘোষণা করেন, যা এখন বাফালোর ইস্ট সাইডে নতুন জেরার্ড প্লেস কমিউনিটি সেন্টারে পরিণত হল। জেরার্ড প্লেস সেই সব বাধা দূর করার জন্য কাজ করে যা মানুষের দারিদ্র্য থেকে মুক্তি পাবার পথের অন্তরায়। জেরার্ড প্লেস তার বেইলি এভিনিউ এর সেবা সম্প্রসারণ করেছে, যা স্থানীয় অধিবাসীদের তাদের শিক্ষা শেষ করার জন্য সুযোগ প্রদান করেছে, কাজের দক্ষতা বৃদ্ধি করেছে এবং পরিবারের জন্য চাইল্ডকেয়ার প্রদান করেছে, সেই সাথে উচ্চ প্রয়োজন সম্পন্ন বেইলি-ডেলেভান সম্প্রদায়ের জন্য খাদ্যের দুর্লভতার ফাঁকগুলি পূরণ করেছে। এই সহায়তা সেবাগুলো তৈরি করা হয়েছে কর্মসংস্থানের বাধা দূর করতে, অর্থনৈতিক ভাবে স্থিতিশীল হওয়ার জন্য পরিবারগুলিকে স্থাপন করতে, এবং এলাকাটিকে একটি সমৃদ্ধ সমাজে রূপান্তরিত করার জন্য। প্রকল্পটি কেন্দ্রে নির্মাণ ও জনবল উন্নয়ন উদ্যোগের জন্য ওয়েস্টার্ন নিউইয়র্ক রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Western New York Regional Economic Development Council, WNY REDC) সহ রাজ্যের অর্থায়ন হিসেবে 1.75 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে।

"বাফালোতে সুযোগ যেমন বেড়ে চলেছে তেমনি শক্তিশালী ও দক্ষ জনবলের চাহিদা বেড়ে চলেছে", **গভর্নর কুওমো বলেন**। "জেরার্ড প্লেস বহু প্রবেশদ্বার উন্মোচণ করছে, সুযোগ তৈরি করছে, এবং পরিষেবা প্রদান করছে বেইলি-ডেভান এলাকার জন্য - যেমন ডেকেয়ার এবং অব্যাহত শিক্ষা - যা সবাইকে সমর্থন দেবে কর্মসংস্থান বাড়াতে এবং দৃশ্যমান বৃদ্ধির প্রদান করে এমন ক্যারিয়ারের সুযোগ প্রদান করে।"

নার্সিং, হোম হেলথ এইড, চাইল্ড কেয়ার, রন্ধনশিল্পে চাকরির প্রশিক্ষণ দেওয়ার জন্য এরি 1 বোর্ড অফ কোওপারেটিভ এডুকেশনাল সার্ভিসেস (Boards of Cooperative Educational Services, BOCES) ও বাফালো পাবলিক স্কুল-সহ বেশ কিছু বাফালোর স্কুলের সঙ্গে অংশিদারিত্ব করেন জেরার্ড প্লেস। তাদের শিক্ষা অংশীদারিত্ব ছাড়াও, এডু-কিডস (Edu-Kids) দ্বারা পরিচালিত একটি

ডেকেয়ার, জেরার্ড প্লেসে বাফালো প্রমিজ চিল্ড্রেন্স অ্যাকাডেমি (Buffalo Promise Neighborhood Children's Academy), 6 সপ্তাহ থেকে 4.5 বছর বয়সী শিশুদের জন্য খোলা হয়।

2000 সালে জেরার্ড প্লেস প্রথম তাদের দরজা খোলেন, যেখানে বাফালো ও সাবেক সেন্ট জেরার্ড-এর প্যারিশের জমিতে জেরার্ড প্লেস-এর ডায়সেসে নারী ধর্মীয় বারোটি সমাবেশের ফলে। জেরার্ড প্লেসের 90 শতাংশ সাফল্যের হার, যা 300 পরিবারের প্রতিনিধিত্বকারী, মানুষের জীবন উন্নত করার জন্য তাদের নিষ্ঠার প্রকাশ যারা তাদের জীবনে দারিদ্র্যের চক্র ভেঙ্গে গৃহহীন একক পিতামাতা এবং তাদের পরিবারের জন্য আবাসন প্রদান করে, শিক্ষা, কর্মসংস্থান, জীবন দক্ষতার ক্লাস, কাউন্সেলিং-এর মাধ্যমে তাঁদের ক্ষমতায়ন করে।

একই ক্যাম্পাসে জেরার্ড প্লেসের জুনিয়র লিগ অফ বাফালো (Junior League of Buffalo) এবং 2009 সালে খোলা বাফালো নিউজ কমিউনিটি এডুকেশন বিল্ডিং (Buffalo News Community Education Building) রয়েছে। শিক্ষা ভবন সমগ্র সম্প্রদায়ের জন্য উন্মুক্ত, এবং সাক্ষরতা ও উচ্চ বিদ্যালয়ের সমতুল্য কর্মসূচি প্রদান করে।

লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, "চাইল্ড কেয়ার থেকে জনবল উন্নয়ন, নতুন জেরার্ড প্লেস কমিউনিটি সেন্টার আমাদের রাজ্যব্যাপী উদ্যোগের অগ্রগতি ঘটায় এবং ইস্ট সাইডের বাসিন্দাদের জন্য জীবনযাত্রার মান উন্নত করতে আমাদের অব্যাহত প্রচেষ্টার পরিপূরক। জেরার্ড প্লেস দীর্ঘদিন ধরে বেইলি-ডিলাভান এলাকার একটি প্রধান সংস্থান, এবং এই জায়গাটি সহায়তা এবং সম্পদ পরিবারগুলিকে যা তাদের সাফল্যমণ্ডিত করার জন্য প্রয়োজন। প্রশিক্ষণের সুযোগ নতুন কর্মজীবন পথ এবং ভাল বেতন সহ কাজের দরজা খুলবে, এবং তার সাথে সম্প্রসারিত চাইল্ড কেয়ারের অ্যাক্সেস প্রদান করবে যা অনেক কর্মরত মা এবং বাবাদের একটি বোঝার উপশম ঘটাবে। নিউ ইয়র্ক স্টেট দ্বারা প্রদত্ত উল্লেখযোগ্য সমর্থনের সাহায্যে, এই অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি সেন্টার বাফালো শহরের ভবিষ্যতকে শক্তিশালী করবে।"

জেরার্ড প্লেস প্রেসিডেন্ট ও সিইও ডেভিড জাপফেল বলেছেন, "আমরা গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) কাছে কৃতজ্ঞ এই ভবনটি তৈরি করার ক্ষেত্রে তাদের সমর্থনের জন্য। আমরা জীবন পরিবর্তন করে এই সমাজকে শক্তিশালী করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার, প্রেসিডেন্ট ও মনোনীত সিইও এরিক জে. গার্টলার বলেন, "জেরার্ড প্লেস, যা ইতিমধ্যেই বেইলি-ডেলেভ্যান কমিউনিটির জন্য একটি মূল্যবান সম্পদ, যা এখন বাসিন্দাদের চাকরি ও সুযোগ সুবিধা প্রদান করবে কর্মীবলের প্রশিক্ষণ এবং উন্নয়নের মাধ্যমে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "জেরার্ড প্লেস কমিউনিটি সেন্টার এলাকার অধিবাসীদের ভালো বেতনের চাকরি পেতে সাহায্য করার জন্য সম্পদ ও প্রশিক্ষণ প্রদান করবে। বাফেলো মেইন স্ট্রিটস উদ্যোগের (Buffalo Main Streets Initiative) মাধ্যমে আমরা ক্ষুদ্র ব্যবসার বৃদ্ধি সমর্থন করছি এবং বাফেলোর

বাণিজ্যিক করিডোরগুলিকে পুনরুজ্জীবিত করছি। গভর্নর কুওমো এই ধরনের টার্গেটেড বিনিয়োগ বাফেলোর পূর্ব দিক জুড়ে করছেন এক শক্তিশালী স্থানীয় অর্থনীতি গড়ে তুলতে এবং বাফেলোর পরিবারদের জন্য উজ্জ্বল ভবিষ্যত তৈরি করতে।"

ইরি 1 BOCES ডিরেক্টর অব এডুকেশনাল পার্টনারশিপ অ্যান্ড ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট (Educational Partnerships and Workforce Development) ক্রিস্টা ম্যাচেল বলেন, "শিক্ষাগত সম্পদের সহজ নাগাল, বিশেষ করে LPN প্রশিক্ষণ, বহু মানুষের জীবনে পরিবর্তনের সুযোগ হতে পারে। আমরা জেরার্ড প্লেসের অধিবাসী এবং পার্শ্ববর্তী সম্প্রদায়ের সেবা করতে পেরে গর্বিত বোধ করছি।"

বাফালোপাবলিক স্কুল (Buffalo Public Schools) ডিরেক্টর অফ অ্যাডাল্ট অ্যান্ড কন্টিনিউইং এডুকেশনের ডিরেক্টর আমান্ডা ভেলাকে বলেন, "বাফালোর সমাজে শিক্ষার সুযোগ বৃদ্ধি করার এবং শিক্ষা উন্নত করার এক যৌথ লক্ষ্য নিয়ে বাফেলো পাবলিক স্কুলের প্রাপ্তবয়স্ক শিক্ষা বিভাগ সম্মানিত জেরার্ড প্লেসের অংশীদার হয়ে। দারিদ্র্য, অশিক্ষা, বেকারত্ব ও অপরাধের জটিল বিষয়গুলোতে সহযোগিতা অত্যন্ত কার্যকর একটি হাতিয়ার। এক সাথে কাজ করে, জেরার্ড প্লেস এবং প্রাপ্তবয়স্ক শিক্ষা বিভাগ আমাদের নিজ নিজ শক্তি বৃদ্ধি এবং সমস্যা সমাধানের জন্য সর্বোত্তম পদ্ধতির উপর কৌশল অব্যাহত রাখবে।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "অভিনন্দন জেরার্ড প্লেস! এই প্রকল্পের প্রতি মূলধন অর্থায়নে 500,000 মার্কিন ডলার পাওয়া এই প্রতিষ্ঠানটির আমি দীর্ঘকালীন সমর্থক। আমি বিশ্বাস করি জেরার্ড প্লেস একটি প্রাতিষ্ঠানিক এবং কমিউনিটি অ্যাঙ্কর হিসেবে কাজ করে, মানুষের সহায়তা এবং সাহায্যের জন্য এক আশার বাতিঘর হয়ে। আমি গভর্নর কুয়েমো এবং WNY REDCকে ধন্যবাদ জানাই, বাফালোতে বিনিয়োগ অব্যাহত রাখার জন্যএবং এই জীবন পরিবর্তনকারী সুযোগগুলো তৈরি করা সম্ভব করার জন্য।"

সিনেটর টিম কেনেডি বলেন, "জেরার্ড প্লেস কমিউনিটি সেন্টার শুধু বাফালো শহরের অধিবাসীদের জন্য একটি শিক্ষা ও রিসোর্স হাব হিসেবে কাজ করবে তাই নয়, বরং পরিবারের জন্য একটি নিরাপদ স্থান হবে যেখানে একসাথে বড় হয়ে ওঠা যায় এবং এবং শেখা যায়। জব ট্রেনিং, স্পেশালাইজড সার্টিফিকেশন কোর্স, চাইল্ড কেয়ার সার্ভিস, স্বাস্থ্যকর খাবার বিকল্প এবং আরো অনেক কিছু প্রদানের মাধ্যমে, এই কেন্দ্রটি যে জেরার্ড প্লেস বছরের পর বছর যা প্রদান করেছে তার উপর ভিত্তি করে গড়ে তুলবে এবং আমাদের বৃহত্তর সম্প্রদায়ের জন্য নতুন সুযোগ খুলে দেবে।"

বাফেলোর মেয়র বায়রন ডাব্লিউ. ব্রাউন বলেছেন, "যখন আমরা সুযোগের একটি অন্তর্ভুক্তিমূলক ও সুষম নগরী গড়ে তুলে চলেছি, জেরার্ড প্লেস কমিউনিটি সেন্টার সংস্কার প্রকল্পের সমাপ্তি আমাদের শহরের অনেক শিশু ও পরিবারের জন্য একটি নতুন যুগের শুরু করে, তাদের সমৃদ্ধির এক ইতিবাচক পথে নিয়ে গিয়ে। আমরা বুঝি যে মানুষের সুস্থ এবং নিরাপদ জীবন পরিচালনা করার জন্য শিক্ষা, প্রশিক্ষণ, চাইল্ডকেয়ার এবং পরিবহণের মত সহায়তা পরিষেবার অ্যাক্সেস প্রয়োজন হয়।

জেরার্ড প্লেস কমিউনিটি সেন্টার আমাদের অধিবাসীদের নিজেদের এলাকায় গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক পোলনকারজ বলেন, "জেরার্ড প্লেস বাফালোর ইস্ট সাইডের একটি গুরুত্বপূর্ণ স্থান যেখানে বাসিন্দারা শুধু কমিউনিটির সাথে সংযোগ স্থাপন করতে পারেন তাই নয় বরং তাদের সাফল্যের জন্য যে সমর্থন প্রয়োজন তা খুঁজে পেতে পারেন। শিক্ষার বিস্তারের মাধ্যমে মানুষের জীবন পরিবর্তিত হয়, কর্মীবলের উন্নয়ন এবং আরো অনেক সহায়তা কর্মসূচির মাধ্যমে মানুষের জীবন পরিবর্তন করা হয় জেরার্ড প্লেসে এবং এই গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান এবং আমাদের কমিউনিটির সমর্থনের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

কংগ্রেসম্যান ব্রায়ান হিনিগস বলেন, "উদ্দেশ্য ও সহানুভূতিকে পাথেয় করে জেরার্ড প্লেস এই সম্প্রদায়ের চাহিদা পূরণের জন্য বিবর্তিত হয়ে চলেছে। আমরা তাদের কাছে কৃতজ্ঞ এই মিশনের দায়িত্ব নেবার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটের কাছে জেরার্ড প্লেসে সংঘটিত অসাধারণ কাজের জন্য সংস্থান উপলব্ধ করার জন্য এবং তার উপর ভরসা রাখার জন্য।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন